BCS নির্বাচিত প্রশ্ন সম্ভার ★ সাইফুল ইসলাম সুভো

BCS
নির্বাচিত প্রশ্ন সম্ভার

BCS Xclusive

SAIFUL ISLAM SUVO

ভূমিকা

আমি পরম করুনাময় আল্লাহ দরবারে প্রশংসা জ্ঞাপন করছি, যিনি তার অসীম রহমতের দ্বারা কাজটা শেষ করার তৌফিক দান করেছেন।এর পরে ধন্যবাদ জানাচ্ছি সেই সব বড় ভাইয়া ও আপুদের যাদের অনেক প্ররিশ্রম ফল এটি। তার সাথে সাথে ধন্যবাদ জানাচ্ছি সেই সব ভাইয়া এবং আপুদের যারা এই কাজটা করার জন্য সাহস, উৎসাহ ও উদ্দীপনা জুগিয়েছে।আমি মনে করি এটা খুবই সাধারন একটি কাজ।যা সকলের সম্মিলিত প্রচেষ্টায় সফল হয়েছে।আশা করি এই নোটটি জব সল্যুশন বইটি পড়ার জন্য সহায়ক হবে।তবে এটি কোন বানিজ্যিক উদ্দেশ্যে করা হয় নাই।ইনশাআল্লাহ সবাই এ ব্যাপারে সতর্ক থাকবো।আর এই নোটের মাধ্যমে যদি সামন্য কারো উপকার হয়, সেটাই এই কাজের সার্থকতা।আল্লাহ সকলের মঙ্গল করুন ও মনের ইচ্ছা পূর্ণ করুন। পরিশেষ সকল প্রকারের ভূল-ত্রুটি ক্ষমার দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ রইলো।

সহযোগীতায়

১.ওমর ফারুক ভাই (ঢাবি)

২. মাহিদুল ইসলাম লিপু ভাই

৩. ইসমত আলী সাগর ভাই

৪.আশিকুর রহমান ভাই

৫.নাজমুল হাসান ভাই

৬.আব্দুল মাজেদ ভাই

৭.রাকিবুল হাসান ভাই

৮.ফারজানা খান আপু

৯.ইব্রাহীম হোসেন ভাই

১০.রেদওয়ান মোহাম্মদ ভাই

১১.আব্দুর রহমান ভাই

১২.তাপস চন্দ্র ভাই

১৩.অভিজিৎ ভাই

১৪. আরো অনেক বড় ভাই ও আপু

ডিজাইন

মোহাম্মদ শরিফুল ইসলাম ভাই

মোস্তাফিজুর রহমান ভাই

সার্বিক তত্তাবধান ও সম্পদনায়

সাইফুলইসলাম(শুভ)

এমবিএ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০১৬২৪৭১৪৮৭৩

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলা সাহিত্য

চর্যাপদ - প্রাচীন যুগ

- চর্যাপদের মোট কবিতা - ৫১ টি । মোট পদকর্তা - ২৪ জন।
- উদ্ধারকৃত পদের সংখ্যা - সাড়ে ছেচল্লিশটি। (২৪, ২৫, ৪৮,২৩)- এই চারটি পদ পাওয়া যায়নি।
- ২৩ নং পদটি খন্ডিত আকারে পাওয়া গেছে। প্রথম ছয় লাইন পাওয়া গেছে। পরের চার লাইন পাওয়া যায় নাই।
- চর্যাপদ টীকা আকারে ব্যাখ্যা করেন - মুনিদত্ত।
- ১৯৩৮ সালে ড. প্রবোধ চন্দ্র বাগচী আবিষ্কার করে টীকা।
- ১১নং পদটি টীকাকার কর্তৃক ব্যাখ্যা হয়নি।
- চর্যাপদের কথা প্রথম প্রকাশ করে - রাজা রাজেন্দ্রলাল মিত্র "Sanskit Buddhist Literature in Nepal " গ্রন্থে - ১৮৮২ সালে ।
- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় চর্যাপদের ভাষা নিয়ে তার " The Origin and Development of Bengali Language " - গ্রন্থে আলোচনা করেন - ১৯২৬ সালে।
- চর্যাপদের ধর্ম নিয়ে আলোচনা করেন - ড. মুহম্মদ শহীদুল্লাহ - ১৯২৭ সালে।
- ১৯৪৬ সালে ড. শশিভূষন দাসগুপ্ত চর্যাগীতির অন্তর্নিহিত তত্ত্বের ব্যাখ্যা প্রদান করেন।
- চর্যাপদে মোট ৬ টি প্রবাদ বাক্য রয়েছে।
- চর্যাপদের রচনাকাল - ৯৫০ সাল থেকে ১২০০ সাল পর্যন্ত।
- চর্যাপদের তিব্বতি অনুবাদ প্রকাশ করে - ড. প্রবোধচন্দ্র বাগচী - ১৯৩৮ সালে।
- চর্যাপদ হল পালযুগের নিদর্শন।
- চর্যাপদে পূর্ব ভারতের মানুষের জীবনচিত্র প্রাধান্য পেয়েছে।
- কাহ্ন পা -১৩ টি পদ রচনা করে - (সব থেকে বেশি পদ)।
- ভুসুকু পা - ৮ টি পদ । সরহপা- ৪ টি ।
- ২৪ নং যে পদটি পাওয়া যায় নি তা - কাহ্ন পার পদ।
- ২৫ নং যে পদটি পাওয়া যায়নি তা - তন্ত্রীপা।
- ৪৮ নং যে পদটি পাওয়া যায়নি তা - কুক্কুরি পা।
- ২৩ নং যে পদটি খন্ডিত আকারে পাওয়া গেছে - ভুসুকু পা ।
- চৌদিস শব্দের অর্থ - চারদিক।

- লুইপার জন্মস্থান - উড়িষ্যায়। তিনি চর্যাপদের আদিকবি।
- ভুসুকু পার প্রকৃত নাম - শান্তিদেব। তিনি মহারাষ্ট্রের রাজপুত ছিলেন।
- কুক্কুরি পা তিব্বতি অঞ্চলের লোক ছিলেন। তিনি মহিলা কবি ছিলেন।
- শবরপার একটি পদে নর-নারীর অপূর্ব প্রেমের চিত্র ফুটে উঠেছে।
- ভুসুকপা নিজেকে বাঙ্গালী কবি বলে দাবি করছে।
- আপনা মাংসে হরিনা বৈরী – হরিন নিজেই নিজের শত্রু।
- শবরীপা ভাগীরথী নদীর তীরে বাস করতেন।
- ঢেন্ডনপা পেশায় একজন তাতী ছিলেন।
- লুইপার সংস্কৃতগ্রন্থ ৫ টি। যথাঃ- ১। অভিসময় বিভঙ্গ, ২। বজ্রস্বত্ব সাধন, ৩। বুদ্ধোদয়, ৪। ভগবদাভসার, ৫। তত্ত্ব সভাব।
- শবরপা গুরু ছিলেন - লুইপার। শবরপার গুরু – নাগার্জুন।
- কাহ্নপা গুরু ছিলেন – ধর্মপা।
- ৪৯ নং পদে পদ্মা খালের নাম আছে। বাঙ্গালদেশ ও বস্ত্রলীর কমা আছে।
- শবরপা সংস্কৃত ও অপভ্রংশ নিলে ১৬ টি গ্রন্থ লিখেছে।
- ডোম্বীপা ত্রিপুরা রাজ্যের রাজা ছিলেন। ১৪ সংখ্যা পদ তিনি লিখেছেন।
- বাংলা সাহিত্যের কথা- ডঃ মুহাম্মদ শহীদুল্লাহ - ১৯৬৩ইং সাল ।
- ডঃ মুহাম্মদ শহীদুল্লার মতে প্রাচীনতম চর্যাকর – শবরপা এবং আধুনিক তম সরহ যা তুনুক।
- লাড়িডোম্বী কোন পদ পাওয়া যায়নি।
- সহজিয়া হল সহজযান পন্থী অর্থাৎ স্বদেহ কেন্দ্রিক সহজপন্থয় সাধন। সমস্ত সত্যই দেহের মধ্যে অবস্থিত, যেই সত্যই সহজ।
- অষ্টম শতাব্দিতে ব্রাহ্মীলিপি থেকে পশ্চিম লিপি,পূর্ব লিপি ও মধ্যভারতীয় লিপির শাখা সৃষ্টি হয়।
- খরোষ্ঠী লিপি ডান দিক দিয়ে লেখা হয়।
- বাংলা লিপির গঠন কাজ শুরু হয় সেন যুগে,আর শেষ হয় পাঠান আমলে।
- উপমহাদেশের প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয়-১৪৯৮ সালে গোয়ায়।
- ১৭৭৮ সালে হুগলিতে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠিত হয়।প্রতিষ্ঠাতা-চার্লস উইকিন্স।বাংলা অক্ষর খোদাই করেন পঞ্চানন কর্মকার।

- শ্রীরামপুর মিশন ছাপাখানা-১৮০০ সালে প্রতিষ্ঠিত হয়।
- বাংলাদেশের প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয়- ১৮৪৭ সালে,বার্তাবহ যন্ত্র (রংপুর)।
- ঢাকায় প্রথম ছাপাখানা হয়- ১৮৬০ সালে,বাংলা প্রেস।এখান থেকে প্রথম প্রকাশিত গ্রন্থ "নীল দর্পণ"।
- বাংলা মুদ্রণ অক্ষরের জনক-চার্লস উইকিন্স
- বাংলা মুদ্রণ যন্ত্র আবিষ্কার হয়-১৮০০ সালে,শ্রীরামপুর মিশন থেকে।

অন্ধকার যুগ

- বাংলা সাহিত্যের অন্ধকার যুগ-১২০১-১৩৫০(তুর্কি যুগ)
- মগের মুল্লুগ-অরাজক দেশ।তুর্কি নাচন-নাজেহাল অবস্হা
- রামাই পন্ডিত রচিত শূণ্য পুরাণ, বিশ্বকোষ প্রণেতা নগেন্দ্রনাথ বসু সংগ্রহ করে বাংলা ১৩১৪ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশ করে।শূণ্যপুরাণে ৫১ টি অধ্যায় ছিলো।
- গদ্য ও পদ্য মিশ্রিত কাব্যকে "চম্পুকাব্য" বলে।শূণ্যপুরাণ একটি চম্পুকাব্য।
- সেক শুভোদয়া গ্রন্থকে "Dog Sonskrit" বলেছেন ড.সুনীতিকুমার চট্রোপাধ্যায়।এ গ্রন্থে মোট ২৫ টি অধ্যায় ছিলো।
- মধ্যযুগে রচিত বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ"শ্রীকৃষ্ণকীর্তন।এটি বাংলায় কোনো লেখকের একক কাব্যগ্রন্থ।এটি রচনা করেছেন বড়ু চন্ডীদাস।
- ১৯০৯ সালে/বাংলা ১৩১৬ সালে বসন্তরঞ্জন বাকুড়ার কালিল্যা গ্রামে দেবেন্দনাথ মুখোপাধ্যায়ের বাড়ি থেকে শ্রীকৃষ্ণকীর্তন গ্রন্থটি আবিষ্কার করেন।এ গ্রন্থে মোট ১৩ টি খন্ড রয়েছে।
- মধ্যযুগের সাহিত্য ধারার মধ্যে বৈষ্ণব সাহিত্যধারা সবচেয়ে সমৃদ্ধ।
- মধ্যযুগপর সাহিত্যের প্রধান বৈশিষ্ট্য ধর্মকেন্দ্রিকতা।
- "কানু ছাড়া গীত নাই"- এটি মধ্যযুগের সত্য।কানু কৃষ্ণ।
- বৈষ্ণব সাহিত্য তিন প্রকার।যথা- ১) জীবম সাহিত্য ২) বৈষ্ণব শাস্ত্র ৩) পদাবলী।
- বাংলা সাহিত্যের প্রথম জীবন সাহিত্য শ্রীচৈতন্যদেবের
- শ্রীচৈতন্যদেবের প্রথম জীবন গ্রন্থ বৃন্দাবন দাস রচিত-চৈতন্য ভাগবত
- চৈতন্যদেবের দ্বিতীয় জীবন গ্রন্থ লোচন দাসের-চৈতন্য মঙ্গল
- সর্বাপেক্ষা তথ্যবহুল চৈতন্যজীবনী কৃষ্ণদাস কবিরাজের- চৈতন্য চরিতামৃত-(১৯৬৫)

- কড়চা বলতে বুঝায় দিনলিপি বা ডায়রী
- একটানা নির্দিষ্ট স্তরে একটি পদ গান করলে তাকে ধুয়া বলে।
- গৌরলীলার পদকে গৌরচন্দ্রিকা বলে।
- গৌরচন্দ্রিকার শ্রেষ্ঠ পদকর্তা গোবিন্দ দাস।
- বাঙালি কবি জয়দেবকে বৈষ্ণব পদাবলির প্রথম পদকর্তা বলা হয়।
- রবিকৃষ্ণের প্রেমলীলা অবলম্বনে রচিত গীতাগোবিন্দম কাব্যটি বৈষ্ণব পদাবলির- আদি নিদর্শন। এটি সংস্কৃত ভাষায় লেখা।
- মিথিলার রাজসভার কবি বিদ্যাপতিকে -মিথিলার কোকিল বলা হয়।
- পূর্বরাগ হলো-মিলনের পূর্বের দর্শন,নাম শ্রবণ,প্রভৃতি দ্বারা নায়ক-নায়িকার মনে পরস্পরের প্রতি যে অনুরাগ জন্মে।পূর্বরাগের শ্রেষ্ঠ পদকর্তা-চন্ডীদাস।
- বৈষ্ণব পদাবলীতে ৮ প্রকার অভিসারের কথা বলা আছে।
- শ্রী চৈতন্যদেব ১৪৮৬ সালে নবদ্বীপে জন্মগ্রহণ করেন।আর ১৫৫৩ সালে পুরীতে মৃত্যুবরণ করেন।
- পদ বা পদাবলি বলতে বুঝায়- বৌদ্ধ বা বৈষ্ণবীয় ধর্মের গুড় বিষয়ের বিশেষ সৃষ্টি।
- ব্রজবুলি অর্থ - ব্রজের বুলি বা ব্রজের ভাষা।এটি মিথীলার উপভাষা।মৈথিলা এবং বাংলা ভাষার সংমিশ্রণে এই ভাষার সৃষ্টি। বিদ্যাপতি এই ভাষার প্রধান কবি।
- বাংলা ভাষার বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা হলো-কবি দ্বিজ চন্ডীদাস।
- কৃত্তিবাস হলো বাংলা অনুবাদ সাহিত্যের প্রথম কবি।তার এবং বাংলা সাহিত্যের প্রথম অনুবাদ কাব্য- রামায়ণ।
- মালাধর বসুর লেখা "শ্রীকৃষ্ণবিজয়" মধ্যযুগের বাংলা সাহিত্যের দ্বিতীয় অনুবাদ গ্রন্থ।
- প্রথম মহিলা কবি হিসেবে রামায়ণ অনুবাদ করেন- চন্দ্রাবতী
- বাংলাদেশের গীতিকা সাহিত্য ৩ ধরনের -১.নাথ গীতিকা ২. মৈনমনসিংহ গীতিকা ৩. পূর্ববঙ্গ গীতিকা
- ডঃ দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় "চন্দ্রকুমার দে " গীতিকা সংগ্রহ করেন।
- মৈমনসিংহ গীতিকা রচিত - ২৩ টি ভাষায়
- বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থের রচয়িতা - দীনেশচন্দ্র সেন।
- "মৈমনসিংহ গীতিকা" প্রকাশ পায়- ১৯২৩ সালে
- মৈমনসিংহ গীতিকা প্রকাশিত হয় - কেদারনাথ সম্পাদিত "সৌরভ " পত্রিকায়
- মহুয়া পালার প্রধান চরিত্র " মহুয়া, নদের চাঁদ, হুমরা বেঁদে, সাধু।
- দেওয়ানা মদিনার কয়েকটি চরিত্র হচ্ছে : আলাল, দুলাল, মদিনা।

- দেওয়ানা মদিনা পালার অন্য নাম : আলাল- দুলাল পালা।
- মধ্যযুগের কবি আব্দুল হাকিমের ৫টি গ্রন্থের সন্ধান পাওয়া যায়।
- "বঙ্গবাণী" কবিতাটি আব্দুল হাকিমের "নূরনামা" কাব্য থেকে নেয়া হয়েছে।
- তোষি শব্দের অর্থ : সন্তোষ সাধন করি
- দেশি ভাষা বুঝিতে ললাটে পুড়ে ভাগ - "ভাগ " বলতে ভাগ্য কে বুঝানো হয়েছে।
- তেয়াগী এবং লিখয়ে অর্থ : ত্যাগ করে এবং লেখা হয়।
- মাতাপিতামহ ক্রমে বতে বসতি - উক্তিটি দ্বারা বংশানুক্রমে বা পুরুষানুক্রমে বাংলাদেশে বসবাসের কথা বলা হয়েছে।
- মঙ্গল কাব্যের প্রধান শাখা তিনটি। ১.মনসামঙ্গল ২.চন্ডীমঙ্গল ৩.অন্নদামঙ্গল ।
- বিষয়বস্তুর উপর ভিত্তি করে মঙ্গল কাব্য দুই প্রকার।
- একটি সম্পূর্ন মঙ্গলকাব্যে ৫ টি অংশ্য থাকে।
- মঙ্গলকাব্যর ৬২ জন কবির সন্ধান পাওয়া যায়।
- কবি নারায়ন দেবের উপাধি ছিলে সুকবি বল্লভ।তার কাব্যের নাম পদ্মপুরাণ।
- চন্ডীমঙ্গল কাব্যের দ্বিজেমাধবকে স্বভাবকবি বলা হয়।
- ধর্মমঙ্গলের শ্রেষ্ঠ কবি ঘনরাম চক্রবর্তী।
- বাইশা বলতে বাইশজন কবিরচিত মনসামঙ্গলে বিভিন্ন অংশকে বুঝায়।
- বিপন্ন নায়ক-নায়িকা চৌত্রিশ অক্ষরে ইষ্ট দেবতার যে স্তব রচনা করে তাকে বলে চৌতিশা।
- ধর্মমঙ্গল কাব্য দুটি পালায় বিভক্ত।হরিচন্দের গল্প এবং লাউ সেনের গল্প।
- মনসা মঙ্গল কাব্যর অপর নাম -পদ্মাপুরণ চন্ডীমঙ্গলের আদি কবি মানিক দত্ত।
- চতুর্দশ শতকের কবি। চন্ডীমঙ্গলের প্রধান কবি - মুকুন্দরাম চক্রবর্তী।
- ষোল শতকের কবি। অন্নদা মঙ্গল কাব্য তিন খন্ডে বিভক্ত।
- পৃথিবীতে ৪ টি জাত মহাকাব্য আছে। ১. রামায়ণ ২.মহাভারত ৩.ইলিয়াড ৪.ওডেসি।
- মহাভারতের প্রথম বাংলায় অনুবাদ করেন- কবীন্দ্র পরমেশ্বর। তার রচিত মহাভারত পরাগলী মহাভারত বলে।পরাগর খাঁ তাকে মহাভারতের অনুবাদ করতে উৎসাহ প্রদান করে।
- মহাভারতের শ্রেষ্ট অনুবাদক -কাশীরাম দাস।
- রামায়ণ প্রথম বাংলায় অনুবাদ করেন -কৃত্তিবাস ওঝা।
- মনসামঙ্গল কাব্যের মনসাদেবীর অপর নাম- কেতকাত্ত, পদ্মাবতী।

- বাংলা সাহিত্যে প্রথম সুস্পষ্ট সন-তারিখযুক্ত মনসা মঙ্গল কাব্যর রচয়িতা বিজয়গুপ্ত।তার বাড়ি বরিশালের গৈলা অথবা ফুল্লশ্রী গ্রামে।
- কবি দ্বিজে বংশীদাস মহিলা কবি চন্দ্রাবতীর পিতা।
- মধ্যযুগে মঙ্গল কাব্যধারার শ্রেষ্ট কাব্য চন্ডীমঙ্গল।
- চন্ডীমঙ্গল কাব্যে ২টি কাহিনী পাওয়া যায়।
- আর অন্য সব মঙ্গলকাব্যে ১টি কাহিনী পাওয়া যায়।
- মুকুন্দরাম চক্রবর্তী দুঃখের কবি বলা হয়।
- ভারতচন্দ্র রায়গুনাকরের বাবা নরেন্দ্র রায় ভরসুট পরগনার জমিদার ছিলেন।
- ভারতচন্দ্রের প্রধান দুটি কাব্যগ্রন্থ - ১. অন্নদামঙ্গল ২. সত্য পীরের পাঁচালী।
- মহারাজ কৃষ্ণচন্দ্রের আদেশে ১৭৫২ সালে ভারতচন্দ্র অন্নদামঙ্গল কাব্য রচনা করেন। ভরসুট পরগনার পান্ডুয়া গ্রামে জন্মগ্রহণ করেন - ভারতচন্দ্র রায়গুনাকর।
- নাথ সাহিত্যের আদি কবি - শেখ ফয়জুল্লাহ।তার কাব্য গোরক্ষবিজয়। হারমনি বিখ্যাত প্রচীন লোকগীতি।সম্পাদক মুহাম্মদ মনসুর উদ্দিন।
- লৌকিক কাহিনীর আদি রচয়িতা দৌলত কাজী।
- আলওয়ালের পৃষ্ঠপোষক ছিলেন - কোরেশী মাগন ঠাকুর।
- কবিগানের আদি গুরু হলো- গোঁজলা গুঁই।
- পুঁথি সাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় কবি ফকির গরিবুল্লাহ।
- তার রচিত পুঁথি- আমীর হামজা, জঙ্গনামা।
- টপ্পাগানের জনক হলো নিধুবাবু বা রামনিধি গুপ্ত।
- টপ্পা থেকেই আধুনিক গীতিকবিতার সূচনা হয়েছে।
- পাঁচালী গানের কবি ছিলেন দাশরথি রায়।
- বাংলার প্রখ্যাত লোক সাহিত্যে গবেষকের নাম - ড. আশরাফ সিদ্দিকী।
- নানান দেশের নানান ভাষা, বিন স্বদেশী ভাষা পুরে কি আশা- গানটির রচয়িতা নিধুবাবু।
- চাহার দরবেশের রচয়িতা - মোহাম্মদ দানেশ।
- মর্সিয়া সাহিত্যের একজন হিন্দু কবি - রাধারামন গোপ।
- তার গ্রন্হ ইমামগনের কেচ্ছা, আফৎনামা।
- গোপীচন্দ্রের সন্যসের রচয়িতা - সুকুর মামুদের।
- কবিওয়ালা ও শায়েরের উদ্ভব ঘটে আঠারো শতকের শেষার্ধে ও উনিশ শতকের প্রথমার্ধে।

- কবিওয়ালাদের মধ্যে উল্লেখযোগ্য - গোঁজলা গুঁই।হরু ঠাকুর, এন্টানি ফিরিঙ্গি।
- আলাওলের এ পর্যন্ত গ্রন্থের সন্ধান পাওয়া গেছে - ৭টি
- এন্টোনি ফিরিঙ্গির প্রকৃত নাম - এন্টোনি হ্যান্সমান (পর্তুগিজ)
- কলকাতা এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা - উইলিয়াম জোনস, ১৭৮৪ সাল
- কৃত্তিবাস অনূদিত রামকাহিনীর নাম- শ্রীরাম পাঁচালি
- কৃত্তিবাস/ কীর্তিবাস কবি এই বঙ্গের অলংকার বলেছেন - মাইকেল মধুসূদন দত্ত
- কোন কবি ''দ্বিতীয় বিদ্যাপতি'' নাম খ্যাত - গোবিন্দ দাস
- গোবিন্দ দাস রচিত সংস্কৃত নাটকের নাম - সংগীতমাধব
- গোবিন্দদাসকে কবিরাজ উপাধি দেন -শ্রীজীর গোস্বামী
- গোবিন্দদাসের বৈশ্ব পদ পাওয়া - প্রায় সাড়ে ৪'শ
- গোবিন্দদাসের কাব্যগুরু হচ্ছেন - মিথিলার কবি বিদ্যাপতি
- গোবিন্দদাসের রচিত নাটকের নাম - সংগীতসাধক
- চৈতন্য-পূর্ব যুগের দুইজন বিখ্যাত পদাবলি রচয়িতা হলেন - বিদ্যাপতি ও চন্ডিদাস
- চন্ডিদাসকে দুঃখের কবি বলেছেন - রবীন্দ্রনাথ
- আমার বধুয়া আন বাড়ি যায় আমারি আঙ্গিনা দিয়া - উক্তিটি চন্ডিদাস (দ্বিজ)
- চন্ডিদাসের রচনা অনুসরন করে পদ রচনা করেছেন – জ্ঞানদাস
- জ্ঞানদাসের দুইটি বৈষ্ণব গীতিকবিতা - মাথুর ও মুরালী শিক্ষা
- জ্ঞানদাসের পদ্রচনার মূলবিষয় - প্রেম, সৌন্দর্য ও আধ্যাত্মিকতা
- দৌলত উজির বাহরাম খানের প্রকৃত নাম - আসাদ উদ্দিন
- নাগরিক কবি বলা হয় - ভারতচন্দ্রকে
- ভারতচন্দ্রের একটি বিখ্যাত গ্রন্থের নাম - সত্য পীরের পাঁচালি (১৭৩৭-১৭৩৮)
- অন্নদামঙ্গল কাব্য প্রথম কে মুদ্রিত করেন - গঙ্গাকিশোর ভট্টাচার্য (১৮১৬)
- মালাধর বসুকে গুণরাজ খান উপাধি দেন - শামসুদ্দিন ইউসুফ
- মুকুন্দরাম চক্রবর্তী কার অনুরোধে চন্ডীমঙ্গল কাব্য লিখেন - মেদিনীপুরের রাজা রঘুনাথ রায়
- মুকুন্দরাম চক্রবর্তীকে "কবিকঙ্কন " উপাধি দেন - রাজা রঘুনাথ রায়
- মধ্যযুগের বাংলা সাহিত্যের মানব রসের প্রথম ও একমাত্র স্রষ্টা মুকুন্দরাম চক্রবর্তী।
- রামনিধি গুপ্তের টপ্পা সংগীত সংকলনের নাম - গীতরত্ন (১৮৩২)

- “শাক্ত পদাবলীর” আদি ও শ্রেষ্ঠ কবি - রামপ্রসাদ সেন
- রামপ্রসাদের গান শুনে অভিভূত হয়েছিলেন - সিরাজউদ্দৌল্লা
- রামপ্রসাদ কে "কবিরঞ্জন " উপাধি দিয়েছেন - রাজা কৃষ্ণচন্দ্র
- আমি কি দুঃখরে ডরাই, কে বলেছেন - রামপ্রসাদ সেন
- সৈয়দ সুলতান "নবীবংশ" রচনা করেছেন - পার্সি কাব্য "কাসাসুল আম্বিয়া" অনুসারে।
- বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রথম গ্রন্হ বঙ্গভাষা ও সাহিত্যে (১৮৯৬) দীনেশচন্দ্র সেন।
- অংস শব্দের অর্থ - স্কন্ধ,কাঁধ।
- পথ জানা নেই- শামসুদ্দিন আবুল কালামের গল্পগ্রন্থ।
- মুসলিম কবি কায়কাবাদের গীতিকাব্য - অশ্রুমালা (১৮৯৫)।
- বায়ান্ন গলির এক গলি - রাবেয়া খাতুন উপন্যাস।
- যা হবে - ভাবি।
- উলবুনে মুক্তা ছড়ানো- অপাত্রে সম্প্রদান করা।
- ভাষা ব্যাকারনের অনুগামী।
- তলব্য বর্ন -উ,ঊ
- হুতমী গ্রন্হের রচয়িতা- কালীপ্রসন্ন সিংস।
- আরবী উপসর্গগুলো - আম,খাস, লা, বাজ, গর,খয়ের।
- আমলার মামলা গ্রন্হটির রচনা করেন- শওকত ওসমান।
- রাবেয়া খাতুন বাংলা একাডিমি পুরুস্কার পান -১৯৭৩ সালে।
- হেক্টরবদ উপন্যাস হোমারের ইলিয়ড অবলম্বনে রচিত।
- ধাতু তিন প্রকার- মৌলিক, সাধিত ও যৌগিক ধাতু।
- বাংলা সাহিত্যের কথা - সুকুমার সেন।
- বাংলাদেশের স্বাধীনতা যুদ্বের দলিল সংগ্রহের মূল উদ্দোগ্য- আতাউল গনি ওসমানী।
- স্ত্রী জাতীয় কাউকে সম্বোধন করার সময় ব্যবহার হয় সুজানীয়াসু।
- ছড়া স্বরবৃত্ত ছন্দে রচিত।
- বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান- মুহাম্মদ শহীদুল্লাহ।
- রবীন্দ্রনাথের শেষের কবিতা উপন্যাসে- সুকুমার সেনের নাম আছে।
- বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্হ- মুসলিম মানস ও বাংলা সাহিত্য।
- আল্লাহ হাফেজ অর্থ- আল্লাহ আপনাকে রক্ষা করুক।
- খান মুহাম্মদ মইন উদ্দিনের গদ্যগ্রন্হ যুগস্রষ্টা নজরুল।
- গনদেবতা উপন্যাসের রচয়িতা- তারাশঙ্কর বন্ধোপাধ্যায়।

- পূর্ব বাংলা ভাষার আন্দোলন ও তৎকালীন রাজনীতি -গ্রন্থের রচয়িতা - অধ্যাপক বদরুদ্দীন উমর।
- জাতীয় রাজনীতি -৪৫ থেকে ৭৫ - অলি আহাদের গবেষনা গ্রন্থ।
- কাদম্বিনী মরিয়া প্রমান করিল সে মরে নাই, উক্তিটি রবীন্দ্রনাথের জীবিত ও মৃত ছোট গল্প থেকে নেওয়া।
- গড্ডালিকা শব্দের অর্থ - অন্ধ অনুকরন।
- ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়, ওরা কথায় কথায় শিকল পড়াতে মোদের হাতে পায়- আব্দুল লতিফ।
- ভারতীয় উপমহাদেশের আঞ্চলিক ভাষাগুলোর আদিম উৎস - অনার্য ভাষা।
- ব্যাকারনে মঞ্জুরি - ড. মুহাম্মদ এনামুল হকের।
- রবীন্দ্রনাথ ঠাকুর মানব জীবনকে নদীর সাথে তুলনা করেছে।
- মোহতার হোসেন চৌধুরি মানবজীবনকে বৃক্ষের সাথে তুলনা করেছে।
- মেঘনাদবদ কাব্যের যুদ্বের সময় পশ্চিম দুয়ারে রক্ষ হিসাবে বীর নীল ছিলো।
- চোখের চাতক নজরুলের সংগীত বিষয়ক গ্রন্থ।
- রবীন্দ্রনাথ ঠাকুর জীবননান্দ দাসের কবিতাকে চিত্ররূপময় কবিতা বলেছেন।
- স্বরুপের সন্ধানে প্রবন্ধ গ্রন্থটির রচয়িতা - আনিসুজ্জামান।
- আমি ভালো আছি,তুমি? -দাউদ হায়দারের কবিতা।
- জন্মি আমার আজন্ম পাপ, যে দেশে সবাই অন্ধ, ভালবাসার বাগান থেকে একটি গোলাপ তুমি চেয়েছিলে - কবিতাসমূহ দাউদ হায়দার।
- শ্রীকান্ত, অন্নদা দিদি, রাজলক্ষী, শরৎচন্দ্রের উপন্যাসের চরিত্র।
- বাংলা টাইপ রাইটার নির্মান করেন - মুনীর চৌধুরী।
- মরন বিলাস, গাভী বিত্তান্ত, অর্ধেক নারী, অর্ধেক ঈশ্বরী গ্রন্থের রচয়িতা- আহমেদ ছফা।
- সত্যেন সেন ১৯৬৮ সালে উদ্দীচী প্রতিষ্ঠা করে।
- য়ে,তে,লে বিভক্তি যুক্ত হয়ে অসমাপিকা ক্রিয়া গঠিত হয়।
- সুধাকর, মিহির, হাফেজ পত্রিকাসমূহের সম্পাদক ছিলেন - শেখ আবতুর রহিম।
- বাংলার ইতিহাস গ্রন্থটির রচয়িতা- রমেশচন্দ্র মজুমদার।
- পঞ্চতন্ত্র গ্রন্থটি- সৈয়দ মুজতবা আলী। আবরন অর্থ অলংকার।
- জোহরা উপন্যাসের রচয়িতা- মোজাম্মেল হক।
- নিত্য স্ত্রীবাচক শব্দ- সতীন, সৎমা, এয়ো, দাই, সধবা। বাক্যের একক হচ্ছে - শব্দ।
- কায়কাবাদের প্রথম কাব্যগ্রন্থ - বিরহ বিলপ।
- চিন্তাতরঙ্গিনী, বীরবাহু, ছায়াময়ী, দশমবিদ্যা- হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কাব্যগ্রন্থ ।
- সুন্দর হে, দাও দাও সুন্দর জীবন - শেখ ফজলল করিম।
- বিশ শতকের মেয়ে উপন্যাসের রচয়িতা - ড.নীলিমা ইব্রাহিম।
- সেমিকোলন (;) বাক্যের মধ্যকার বিরতি কাল নির্দেশ করে।

- বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতি প্রয়োজন হলে সেমিকোলন ব্যবহার হয়।
- ইংরেজি Prefix শব্দকে বাংলায় উপসর্গ বলে।
- ট বর্গীয় শব্দের আগে তৎসম শব্দ ন বসে।
- হুতম প্যাঁচার নক্সা কালী প্রসন্নসিংহের রম্য রচনা।
- এক সাগর রক্তের বিনিময়ে / মোরা একটি ফুলকে বাঁচতেবো বলে যুদ্ধো করি গান দুটির রচয়িতা- গোবিন্দ হালদার।
- ভারতীয় পত্রিকা সম্পাদনা করতেন - স্বর্নকুমারী দেবী।
- আনন্দ বেদনার কাব্য - হুমায়ন আহমেদের রচিত উপন্যাস।
- বাংলা বাক্যের শেষে ব্যবহৃত হয় এমন বিরাম চিন্হ - ৪ টি।
- রাজা যায় রাজা আসে - কাব্যের রচয়িতা - আবুল হাসান।
- বাংলার মাটি বাংলার জল - নির্মলেন্দু গুনের কাব্যগ্রন্হ।
- মাইকেল মধুসূদন দত্তকে দত্তকুলোদ্ভব কবি বলা হয়।
- চাল না চুলো, ঢেকি না কুলো- নিতান্ত গরিব, আজ খেলে কাল নাই।
- অনাথ শব্দের স্ত্রীলিঙ্গ - অনথা।
- টি.এস. এলিয়েটের কবিতার অনুবাদক- রবীন্দ্রনাথ (১ম), বিষ্ণু দে, বদ্বুদেব বসু।
- সীতারাম বঙ্কিমচন্দ্রর রাজনৈতিক উপন্যাস।
- নিখিলেস ও বিমলা ঘরে বাইরে উপন্যাসের চরিত্র।
- ভেজাল সুকান্ত ভট্রাচার্য রচিত বিখ্যাত কবিতা।
- বেতাল পঞ্চবিংশতি হিন্দি বৈতাল পচ্চীসীর অনুবাদ।
- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এই গ্রন্হে সর্বপ্রথম যতি চিন্হের প্রয়োগ করে।
- কেন পান্ত ক্ষান্ত হও হেরি দৈর্ঘ্য পথ/ যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি - কৃষ্ণচন্দ্র মজুমদার।
- ঢাকের কাঠি- মোসাহেব, তোষামুদি।
- দিবারাত্রির কাব্য- মানিক বন্দ্যোপাধয় উপন্যাস।
- গাছপথর বাগধারাটির অর্থ- হিসাব নিকাশ।
- আলাওলের তেওফা হচ্ছে নীতিকাব্য।
- আব্দুল মান্নান সৈয়দের ছদ্মনাম - অশোক সৈয়দ।
- শিখন্ডী শব্দের অর্থ - ময়ূর সাহিত্যের অলংকার প্রধানত ২ প্রকার। ১. শব্দালংকার ২. অর্থালংকার।
- আধ্যাত্মিক উপন্যাসের লেখক - প্যারীচাঁদ মিত্র।
- অনীক শব্দের অর্থ - সৈনিক অথবা সৈন্যদল।
- পূবার্শা পত্রিকার সম্পাদক - সঞ্জয় ভট্রাচার্য।
- বাংলা কথ্য ভাষার আদি গ্রন্হ- কৃপার শাস্ত্রের অর্থ ভেদ।
- বাংলা ভাষার প্রথম সমসাময়িক - দিকদর্শন ১৮১৮ সালে।

- কলকাতায় প্রথম রঙ্গমঞ্চ তৈরি হয় - ১৭৫৩ সালে।
- সহজিয়া হল সহজমান পন্থী অর্থাৎ স্বদেহ কেন্দ্রিক সহজপন্থাইয় সাধন। সমস্ত সত্যই দেহের মধ্যে অবস্থিত। সেই সত্যই সহজ।
- রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ- কবিকাহিনি-১৮৭৮
- সবুজের অভিযান, ছবি, লঙ্খ, দান কবিতা বলাকা ক্যাবের অন্তর্ভুক্ত-১৯১৬
- বাংলা নাট্য সাহিত্যের দিকপাল হলেন- মুনীর চৌধুরি
- কবর নাটকটি রচনা হয় ১৯৫৩ সালে। প্রকাশিত-১৯৬৬
- বাংলা নাটকে সর্বপ্রথম সার্থক দ্বন্ধমূলক চরিত্র সৃষ্টি- দ্বিজেন্দ্রলাল রায়
- বাংলা গানে সর্বপ্রথম ঠুমেরি আমদানি করেন-অতুল প্রসাদ সেন
- জীবনানন্দ দাসের প্রথম কাব্যগ্রন্থ- ঝরা পালক, ২য় ধুসর পাণ্ডুলিপি
- বাংলায় মৌলিক স্বরধ্বনি ৭ টি- অ,আ,ই,উ,ও,এ,অ্যা
- বাংলায় যৌগিক স্বরধ্বনি হল-২৫ টি
- অজিন-হরিনের চামড়া, নিরমক-সাপের খোলস, বাঘের চামড়া-কৃত্তি
- সংশপ্তক উপন্যাসটি ১৯৬৫ সালে প্রকাশিত হয়- বিষয়বস্তু- হিন্দু-মুসলিম সম্মলিত জীবনযাপন ও অসাম্প্রদায়িক জীবনবোধ।
- উপন্যাস উত্তমপুরুষ ও আমার যত গ্লানি- রশীদ করিম
- পদ্মা নদীর মাঝি উপন্যাসে অঙ্কিত হয়েছে ধীব্র জীবন
- অবরোধবাসিনী গ্রন্থে মোট ৪৭টি ঘটনা রয়েছে-১৯৩১
- কল্লোল পত্রিকার সম্পাদক-দিনেশরঞ্জন দাস-১৯২৩
- বুদ্ধদেব বসু সম্পাদিত পত্রিকা-কবিতা,১৯৩৫
- পালমৌ রচনা করেন- সঞ্জীব চট্টপাদ্ধায়
- বাংলা সাহিত্তের জননী সাহসিকা নামে পরিচিত-বেগম সুফিয়া কামাল
- রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থের সংখ্যা-৫৬টি
- মার্কিন নাট্যকার Irwin Shaw রচিত Bury the Dead (১৯৩৬) নাটক অনুসারে মুনীর চৌধুরী কবর নাটক রচনা করেন।
- শামসুর রহমান এর প্রথম কাব্যগ্রন্থ- প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে-১৯৬০
- প্রসন্ন প্রহর, কবিতা ১৩৭২- সিকন্দার আবু জাফর এর কাব্য
- মেঘনাবধ কাব্যে ৯টি সর্গে রয়েছে। ১৮৬১ সাল
- গীতাঞ্জলী কাব্যগ্রন্থে ১৫৭টি গীতিকবিতা রয়েছে

- খেয়া পার করে যে তাকে –পাটনী বলে
- ঘাটাল শব্দের অর্থ- বন্ধুর বা অসমতল
- বাংলা সাহিত্যধারার প্রতিষ্ঠাতা পুরুষ- প্যারীচাঁদ মিত্র
- হেমিংওয়ের ' দি ওয়াল্ডম্যান এন্ড দি সি' গ্রন্থের অনুবাদক হলেন- ফতেহ লোহণী
- নজরুলের প্রথম প্রকাশিত কবিতা- মুক্তি, ১৯৪৯ সালে বঙ্গীয় মুসলিম সাহিত্য পত্রিকায়
- যে জমিতে ফসল জন্মায় না- উষর, পড়ে আছে এমন জমি- পতিত/অনাবাদী, জা উর্বর নয়-অনুর্বর
- অপমান শব্দের অপ উপসর্গটি বিপরীত অর্থে ব্যবহৃরিত হয়েছে
- ধ্বনি ২ প্রকার। যথাঃ- ক. স্বরধধ্বনি খ. ব্যাঞ্জনধ্বনি।
- মৌলিক স্বরধ্বনি—৭ টি। যথাঃ- অ, আ, ই, উ, এ, ও, অ্যা।
- বর্ণ ২ প্রকার। যথাঃ- ক. স্বরবর্ণ খ. ব্যঞ্জনবর্ণ।
- স্বরবর্ণ – ১১ টি। যথাঃ- অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ।
- ব্যঞ্জনবর্ণ –৩৯ টি। যথাঃ- ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, য, র, ল, শ, ষ, স, হ, ড়, ঢ়, য়, ৎ, ং, ঃ, ঁ ।
- বাংলা বর্ণমালা মোট –৫০ টি। (স্বরবর্ণ ১১+ ব্যঞ্জনবর্ণ ৩৯ =৫০)
- স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে – 'কার' বলে।
- স্বরবর্ণের 'কার' চিহ্ন সংখ্যা—১০ টি। (শুধুমাত্র 'অ' বর্ণটির কোনো 'কার' নাই)।
- ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে 'ফলা' বলে।
- ব্যঞ্জনবর্ণের 'ফলা' চিহ্ন সংখ্যা--৬ টি।(যথাঃ- ব-ফলা, ম-ফলা, য-ফলা, র-ফলা, ল-ফলা, ন/ণ- ফলা)।
- ব্যাকরণ (বি+আ+√কৃ+অন) শব্দটির বুৎপত্তিগত অর্থ হলো – বিশেষভাবে বিশ্লেষণ।
- প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে – ধ্বনি, শব্দ, বাক্য ও অর্থ।
- ব্যাকরণে প্রধানত চারটি বিষয়ের আলোচন হয় – ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব।
- ধ্বনিতত্ত্ব = Phonology, শব্দতত্ত্ব, = Morphology, বাক্যতত্ত্ব = Syntax ও অর্থতত্ত্ব = Semantics
- বাংলা শব্দে প্রত্যয় – দুই প্রকার। যথা: ক. তদ্ধিত প্রত্যয় খ. কৃৎ প্রত্যয়।
- বাংলা ভাষায় উপসর্গ - তিন প্রকার। যথা: ক. সংস্কৃত, খ. বাংলা গ. বিদেশি উপসর্গ।
- চারটি উপসর্গ বাংলা ও তৎসম উভয়ের মধ্যে আছে। যথাঃ- আ, সু, বি, নি।
- মানুষের বাক প্রত্যঙ্গের সাহায্যে উচ্চারিত আওয়াজকে - ধ্বনি বলে
- ধ্বনির লিখিত রূপকে - বর্ণ বলে।
- বাংলা ভাষায় প্রকৃতি – দুই প্রকার। যথাঃ- নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি। ড়

- শেষের কবিতা উপন্যাস টি ১৯২৮ সালে প্রবাসী প্রত্রিকায় প্রকাশিত হয়।
- সেলিম আলদীন রচিত "চাকা" ১৯৯১ একটি কথা নাট্য।
- আব্দুল্ল্যাহ উপন্যাসের রচয়িতা কাজী ইমদাদুল হক।
- আনোয়ারা উপন্যাসের রচয়িতা নজিবর রহমান।
- প্রেম একটি লাল গোলাম উপন্যাসের রচয়িতা রশীদ করিম।
- মেঘনাদ বধ কাব্যে তিন দিন দুই রাতে ঘটনা বর্ণিত।
- 'র' কম্পন জাত ধ্বনি, 'ল' পার্শ্বিক ধ্বনি, 'ড়, ঢ়' তাড়ন জাত ধ্বনি
- কণ্ঠ, তালু, মূর্ধা, দন্ত, ওষ্ঠ স্পর্শ করে যে ধ্বনি উচ্চারিত হয় তাকে স্পর্শ ধ্বনি বলে।
- ক-ম পর্যন্ত ২৫ টি ধ্বনি স্পর্শ ধ্বনি।
- সমীরন শব্দের অর্থ বায়ু বা বাতাস।
- বাঁধন-হারা (১৯২৭) নজরুলের একটি পত্রোপন্যাস।
- রবীন্দ্রনাথের রাজনৈতিক ও বৃহত্তম উপন্যাস - গোরা। এটি অবলম্বনে ১৯৩৮ সালে একটি চলচ্চিত্র মুক্তি পায়। সংগীত পরিচালক ছিলেন কাজী নজরুল ইসলাম।
- খাঁটি বাংলা শব্দ - ঢোল, খেকশিয়াল, বাবুই, ঢেঁকি, পাতিল, কদু, টেংরা, ঝোল, ডোম, মুড়ি, ঝিনুক।
- বেটাইম শব্দটি ফারসি + ইংরেজি শব্দযোগে গঠিত।
- তদ্ভব শব্দ - চাঁদ, কামার, চামার, হাত, কান, মাথা, পা, মা, সাপ।
- 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়' - এটি রঙ্গলাল বন্দোপাধ্যায়ের পদ্মিনী কাব্যের একটি বিখ্যাত উক্তি।
- অতুল প্রসাদ সেনের গানের সংকলন গ্রন্হ হচ্ছে - গীতিগুঞ্জ (১৯৩১)।
- মৌলিক শব্দ - গোলাপ, হাত, ফুল, বই, মুখ, গোলাম, ভাই, বোন, নদ, মাছ, লাল।
- অক্ষির সমীপে - সমক্ষ, অক্ষির অগোচরে - পরোক্ষ, অক্ষির সম্মুখে - প্রত্যক্ষ, নাই পক্ষ যার- নিরপেক্ষ
- ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ - মালিকা, নাটিকা, গীতিকা, পুস্তিকা।
- জাহাকুল আবদ অর্থ- গোলামের হাসি।
- নামহীন গোত্রহীন গ্রন্হের লেখক - হাসান আজিজুল হক।
- হাতির ডাক - বৃংহতি, অশ্বের ডাক - হ্রেষা, ময়ুরের ডাক - কেকা।
- প্রসবন শব্দের অর্থ- ঝরনা।
- নূরজাহান ও সাজাহান নাটকদুটি দ্বিজেন্দ্রলাল রায়ের।
- হর্ষ শব্দের অর্থ - আনন্দ, উল্লাস, পুলক।

- ক্ষমার যোগ্য বা উপযুক্ত - ক্ষমার্হ।
- যা চিরস্হায়ী নয়- নশ্বর। অপলাপ- মিথ্যা , গোপন।
- জগদ্দল পাথর বাগধারাটির অর্থ - গুরুভার।
- কাদম্বিনী শব্দের অর্থ - মেঘমালা, মেঘপুঞ্জ।
- ধর্মের ষাঁড় বাগধারাটির অর্থ - অকর্মণ্য ।
- সদন শব্দের অর্থ- নিবাস, আবাস ।
- আকাশ - পাতাল বাগধারার অর্থ- প্রচুর ব্যবধান ।
- নাতিদীর্ঘ - যা অতি দীর্ঘ নয়।
- অভিরাম অর্থ- সুন্দর , মনোরম । কর দেয় যে- করদ।
- আভরন শব্দের অর্থ - অলংকার , গহনা ।
- অবাঙালি কর্তৃক রচিত বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস - " ফুলমনি ও করুণার বিবরণ "। রচয়িতা - হ্যানা ক্যাথরিন ম্যালেন্স।
- সৈয়দ শামসুল হকের নিষিদ্ধ লোবান ও আল মাহমুদের উপমহাদেশ দুটিই মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস।
- অর্ধমাত্রার স্বরবর্ণ একটি (ঋ) এবং ব্যঞ্জনবর্ণ সাতটি (খ, গ, শ, প, থ, ধ, ণ)।
- সোনার তরী, হিং টিং ছট, পরশ পাথর, মানসসুন্দরী, পুরস্কার ও নিরুদ্দেশ যাত্রা সোনার তরী কাব্যগ্রন্থের অন্তর্গত (১৮৯৪)
- ১৯৭২ সালের ২৪ শে মে কাজী নজরুল ইসলামকে বাংলাদেশে নিয়ে আসা হয়।
- ভাষার মূল উপাদান - ধ্বনি । বাক্যের মূল উপাদান - শব্দ ।
- " তীর হারা এই ঢেউয়ের সাগর" বিখ্যাত গানটির গীতিকার - গোবিন্দ হালদার।
- দুটি করে স্ত্রীবাচক শব্দ রয়েছে এমন পুরুষবাচক শব্দ ভাই,পুত্র,শিক্ষক,অভাগা,সুকেশ,দেবর,বন্ধু,দাদা,রজক,স্বামী।
- কান কাটা বাগধারার অর্থ -বেহায়া ।
- অনেকের মধ্যে একজন -অন্যতম, যার বিশেষ খ্যাতি আছে -বিখ্যাত ।
- নিত্য পুরুষ বাচক শব্দ যার স্ত্রী বাচক নেই - কবিরাজ, রাষ্ট্রপতি, পুরোহিত, জামাতা, কৃতদার, যোদ্ধা, বিচারপতি।
- রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্বকবি উপাধি পায় - ব্রম্মাবান্ধব উপাধ্যায় থেকে।
- হাতভারি শব্দের অর্থ - কৃপণ, ব্যয়বুশী। ঘাটের মরা - অতিবৃদ্ধ ।
- মসনদের মোহ নাটকটির রচয়িতা -শাহাদাৎ হোসেন
- যা অধ্যয়ন করা হয়েছে- অধীত যা পড়া হয়েছে - পঠিত।

- ইত্যাদি –তৎপুরুষ সমাস
- হারেম ও মহাপ্রতঙ্গ গল্পগ্রন্থ দুটির লেখক আবু ইসহাক
- বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রথমগ্রর " বঙ্গভাষা ও সাহিত্য " (১৮৯৬) লিখেছেন ড. দীনেশ চন্দ্র সেন।
- সওগাত প্রত্রিকার সম্পাদক মোহাম্মদ নাসিরুদ্দিন।
- সমকাল প্রত্রিকার সম্পাদক সীকান্দার আবু জাফর
- কয়েকটি কবিতা সমর সেন এর কাব্য গ্রন্থ।
- বায়ান্ন গলির এক গলি-উপন্যাস-রাবেয়া খাতুন
- শ্রীকৃষ্ণকীর্তন আবিষ্কার করা হয় দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় এর বাড়ি থেকে
- বর্গী শব্দটি ফরাসি ভাষা থেকে আগত
- বিজিত শব্দের অর্থ –পরাজিত
- সমাসবদ্ধ পদকে -সমস্ত পদ বলে।
- সমস্ত পদকে ভেঙে যে বাক্যাংশ করা হয় তার নাম-ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য
- মেঘনাধবদ কাব্যে রাবনপুত্র ইন্দ্রজিতকে অরিন্দম বলা হয়।অরিন্দম শব্দের অর্থ -শত্রু দমন করে যে বা শত্রু দমনকারী।
- বাংলা সাহিত্যের ইতিবৃত্ত-মুহাম্মদ আব্দুল হাই/সৈয়দ আলী আহসান।
- জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খন্ড বাক্যের পর -কমা বসে।
- একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যের লিখতে-সেমিকোলন বসে।
- কুঁড়ি শব্দটি এসেছে- কোরক থেকে।
- কান পাতলা বাগধারাটির অর্থ বিশ্বাসপ্রবণ।
- বাংলা ভাষায় ওষ্ঠ ব্যান্জন ধ্বনির সংখ্যা ৫টি-প,ফ,ব,ভ,ম।
- Archetype –আদিরূপ
- পানি,চানাচুর, ফুফা,মিঠাই,কাহিনী -হিন্দি শব্দ
- প্রাচীন বাংলার জনপদ ও অর্থনীতির পরিচয় পাওয়া যায়-নীহাররন্জন রায়ের বাঙালীর ইতিহাস গ্রন্থ থেকে।
- একটু শব্দের টু পদাস্রিত নির্দেশক।
- ধীর শব্দের বিশেষ্যরুপ হচ্ছে -ধীরতা।
- সপ্ত সুর বলতে বুঝায়-চড়াসুর বা উচ্চসুর।
- বিদায়" অভিশাপ কবিতাটি/কাব্যগ্রন্থ টি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা।
- যে বিষয়ে কোন বিতর্ক নেই-অবিসংবাদী,বাক্য নেই যার-নির্বাক,সাধন দ্বারা লব্দ জ্ঞান -অভিজ্ঞ।

- সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা-প্রত্যুদ্গমন; প্রশংসা দ্বারা আনন্দ প্রকাশ-অভিনন্দন;সম্মানের সাথে অভ্যর্থনা-সংবর্ধনা।
- যা কষ্টে নিবারণ করা যায় -দুর্নিবার;যা কষ্টে নিবারণ করা যায় না-অনিবার্য;নিবারণ করা হয়েছে যা-নিবারিত।
- ভবিষ্যত ভেবে কাজ করে না যে-অবিমৃষ্যকারী;যা পূর্বে ছিল এখন নেই-ভূতপূর্ব;যা ভাবা যায় না-অভাবনীয়।
- বিড়াল তপস্বী -ভন্ড সাধু;আক্কেল সালামী -ভুলের মাশুল, নির্বুদ্ধিতার দন্ড;উড়চন্ডী-অমিতব্যয়ী; আকাশকুসুম -অসম্ভব কল্পনা;যা লাফিয়ে চলে-প্লবগ।
- রবীন্দ্রনাথ তার তাসেরদেশ নাটকটি-নেতাজী সুভাষচন্দ্রবসুকে;কালেরযাত্রা নাটকটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে উৎসর্গ করেন।
- হাতভারি বাগধারাটির অর্থ-কৃপণ,ব্যয়কুণ্ঠ।
- জাতি বাচক শব্দ-মানুষ গরু,পাখি,নদী,পর্বত, ইংরেজ।
- দিবারাত্রির কাব্য-মানিক বন্দোপাধ্যায়ের উপন্যাস।
- লক্ষ প্রাণের বিনিময়ে" গ্রন্থের রচয়িতা-মেজর রফিকুল ইসলাম বীরোত্তম।
- কাশবনের কন্যা"-শামসুদ্দিন আবুল কালামের উপন্যাস।
- কুঁচবরণ কন্যা"-বন্দে আলী মিয়ার একটি শিশুতোষ গ্রন্থ।
- নিত্যবৃত্ত অতীত-ভ্রমণ করতাম,খাইতাম,পড়তাম।
- রাজযোটক বাগধারাটির অর্থ-চমৎকার মিল।
- চারণকবি-মুকুন্দদাস,মোজাম্মেল হককে -শান্তিপুরের কবি বলা হয়।
- বাংলা সাহিত্যে ভোরের কবি বলা হয়-বিহারীলাল চক্রবর্তীকে।
- যা বলা হয়নি-অনুক্ত।
- শেষ প্রশ্ন ও শেষ পরিচয় শরত চন্দ্রের উপন্যাস।
- বাঙ্গালীর ইতিহাস - নীহাররঞ্জন রায়।
- উপরোধ শব্দের অর্থ - অনুরোধ।
- সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে এসেছে।
- শিরোনামের প্রধান অংশ প্রাপকের ঠিকানা।
- আমি, পাখি, শিশু, সন্তান এগুলো উভয়লিঙ্গ।
- বিভক্তি হীন নাম শব্দকে প্রাতিপদিক বলে।
- একই সময়ে বর্তমান - সমসাময়িক একই সঙ্গে - যুগপৎ একই গুরুর শিষ্য - সতীর্থ।
- বাংলা স্বরধ্বনি তে হ্রস্যস্বর ৪ টি - অ,ই,উ,ঋ

- দীর্ঘ স্বর ৭ টি - আ, ঈ, ঊ, এ, ঐ, ও ঔ
- যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমেরবাতি - কৃষ্ণচন্দ্র মজুমদার।
- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এর বর্ণপরিচয় শিশুতোষ মূলক গ্রন্থ (১৮৫৫) সালে ক্লাসিকের মর্যাদা লাভ করে।
- জানিবার ইচ্ছা জিজ্ঞাসা, জয় করার ইচ্ছা- জিগীষা, হনন করার ইচ্ছা- জিঘাংসা, নিন্দা করার ইচ্ছা- জুগুপ্সা।
- রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি কাব্য গ্রন্থে ১৫৭ টি কবিতা ও গান রয়েছে।
- রক্তাক্ত প্রান্তর নাটকের জন্য মুনীর চৌধুরি ১৯৬২ সালে বাংলা একাডিমি পুরস্কার পায়।
- কুকিলের ডাক- কুহু, সিংহের ডাক- হুংকার, পাখির ডাক- কূজন।
- যা চুষে খাবার যোগ্য- চোষ্য।
- যা চেটে খাবার যোগ্য- লেহ্য।
- যা পান করার যোগ্য- পেয়।
- যে সব গাছ থেকে ঔষধ প্রস্তুত হয়- ঔষধি।
- খ্রিস্টাব্দ একটি মিশ্র শব্দ(ইংরেজি+তৎসম)।
- সর্বজন এর বিশেষণ- সর্বজনীন।
- বাংলা সাহিত্যেও পঞ্চপান্ডব- ক) অমিয় চক্রবর্তী খ) জীবনান্দ দাস গ) বুদ্ধদেব বসু ঘ) বিষ্ণু দে ঙ) সুধীন্দ্রনাথ দত্ত।
- অমিত্রাক্ষার ছন্দে রচিত বীরাঙ্গনা কাব্যে ১১ টি পত্র ছিল।
- বাংলা ভাষার ব্যবহৃত ধ্বনির সংখ্যা-৪১টি।
- বৃত্রসংহার কাব্য- হেমচন্দ্র বন্দোপাধ্যায়।
- যুগ সন্ধিকালের কবি- ঈশ্বরচন্দ্র গুপ্ত।
- অর্ধমাত্রা বর্ণ ৮ টি (স্বরবর্ণ ১ টি, ব্যঞ্জন বর্ণ ৭ টি), মাত্রাহীন ১০ টি (স্বরবর্ণ ৪ টি, ব্যঞ্জন বর্ণ ৬ টি)।
- সুবচন নির্বাসনে নাটকটির রচয়িতা- আব্দুলস্না -আল মামুন।
- মুনীর চৌধুরীর মুখরা রমনীর বশীকরন শেক্সপিয়ারের The timing of the shrew এর অনুবাদ।
- যে সমাসের পূর্ব পদের বিভক্তি লোপ পায় না- অলুক সমাস ।
- বিছিন্ন প্রতিলিপি, মাটির ফসল, আর্তনাদে বির্বণ কাব্য গ্রন্থগুলো মাজহারন্নল ইসলামের।
- গ্রিক ট্রাজেডি নাটক ইডিপাস বাংলায় অনুবাদ করেন সৈয়দ আলী আহসান।
- তৎসম শব্দের ব্যবহার সাধু ভাষা রীতিতে বেশি।

- গৌরচন্দ্রিকা বাগধার অর্থ- ভূমিকা।
- অকালে বাদলা অর্থ- অপ্রত্যাশিত বাধা।
- শিরে সংক্রান্তি অর্থ- আসন্ন বিপদ/ সামনেই বিপদ।
- মুক্তি পেতে ইচ্ছুক মুক্তিকামী/ মুমুক্ষা।
- বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা। রোকেয়া সাখওয়াত হোসেন।
- কায়কোবাদের প্রকৃত নাম মুহাম্মদ কাজেম আল কুরাইশী।
- নদী ও নারী উপন্যাসের লেখক- হুমায়ন কবির।
- গাছে তুলে মইকাড়া- আশা দিয়ে পরে নিরাশ করা।
- এক ড়্যুরে মাথা মোড়ানো- একই দলভুক্ত।
- ঠোঁট কাটা বলতে বুঝায়- স্পষ্টভাষী/ বেহায়া ।
- বাংলা একাডেমির মূল ভবনের নাম- বর্ধমান হাউজ ছিল ।
- সিরডাপের প্রধান কার্যালয় চামেলি হাউস।
- যাকে দেখলে ক্রোধ জন্মে- চড়্যুাশুল।
- কৈ মাছের প্রান- দীর্ঘজীবী। ঠরৎরষব-পুরন্নষোচিত
- চারন্নচন্দ্র চক্রবর্তীর ছদ্মনাম- জরাসন্ধ।
- রিয়াজ-উস-সালাতীন ফারসি ভাষায় লিখিত বাংলার মুসলিম শাসনের প্রথম পূর্নাঙ্গ ইতিহাস গ্রন্থ, রচনা করেন গোলাম হোসেন সেলিম, ১২ টি খন্ডে বিভক্ত।
- ঝিলিমিলি(১৯৩০) নাটকে তিনটি ছোট নাটক রয়েছে
- গাল/গন্দদেশ। ঠোঁট- অধর।
- চক্ষুলজ্জাহীন ব্যক্তি - চশমখোর, লাজের মাথা খাওয়া- নির্লজ্জ।
- চক্ষু দ্বারা দৃষ্ট-চাক্ষুস। উনপাজুরে- রুগ্ন। - নির্ভীক।
- বিভক্তযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে।
- প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু একই।
- ঢাকের কাঠি বাগধারার অর্থ - লেজুড়বৃত্তি।
- যে একবার শুনেই মনে রাখতে পারে - শ্রুতিধর।
- যা পূর্বে শোনা যায়নি এমন - অশ্রুতপূর্ব।
- বাঘের চোখ - দুঃসাধ্য বস্তু। বদন্যতা শব্দের অর্থ - দানশীলতা।

- হেমাঙ্গিনী ও কাদম্বিনী মেজদিদি গল্পের চরিত্র।
- যার কোন উপায় নাই- নিরুপায়। যার কোন উপায় নাই- অনন্যোপায়।
- কোহিনূর পত্রিকার সম্পাদক - মুহাম্মাদ এয়াকুব আলী চৌধুরি।
- যা মূল্য দিয়ে বিচার করা যায় না - অমূল্য।
- যার অনেক মূল্য - মূল্যবান।
- প্রতীকধর্মী মানে হচ্ছে - নিদর্শন-জ্ঞাপক। - বিনাশকারী।
- গিরিনিস্রাব শব্দের অর্থ - লাভা। খিড়কি শব্দের অর্থ - সিংহদ্বার।
- এক হতে আরম্ভ করে- একাদিক্রমে। বেঁচে থাকার ইচ্ছা- জিজীবিষা।
- মনির উদ্দিন ইউসুফ শাহানামা বাংলায় অনুবাদ করেছে।
- বন্দে আলী মিয়ার কাব্য গ্রন্থ হল- ময়নামতির চর।
- পুস্পারতি শব্দের অর্থ - ফুলের নিবেদন।
- উপযগের কাজ হল - নতুন শব্দ গঠন করা/ নতুন অর্থবোধক শব্দ।
- একাত্তরের চিঠি নামক মুক্তিযোদ্ধাদের পত্র সংকলনে ৮২ চিঠি রয়েছে।
- পুঁথি সাহিত্যের সার্থক ও জনপ্রিয় লেখক- ফকির গরিবুল্লাহ।
- পদ বলতে বুঝায় বিভক্তযুক্ত শব্দকে।
- রবীন্দ্রনাথ ১১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রেক্ষিত বাংলার মাটি বাংলার জল গান/কবিতাটি রচনা করেন।
- চল মুসাফির, হলদে পরীর দেশ, যে দেশে মানুষ বড়
- জসীমউদ্দিনের ভ্রমণকাহিনী।
- পূবের হাওয়া কাজী নজরুল ইসলাম এর কাব্যগ্রন্থ - ১৯২৫।
- তন্বী কাব্যের কবি সুধীন্দ্রনাথ দত্ত। যা বলা হয়নি - অনুক্ত।
- সই কেবা শুনাইল শ্যামনাম - গোবিন্দদাস।
- যে স্বরধ্বনির উচ্চারনের সময় মুখ বিবর সবচেয়ে বেশী উন্মুক্ত বা খোলা থাকে তাকে বিবৃত স্বরধ্বনি বলে। এ জাতীয় একটি শব্দ হল অ্যা।
- নজরুলের মৃত্যুক্ষুধা উপন্যাসে দারিদ্র্য, ক্ষুধা ও দুর্ভিক্ষের চিত্র বর্ণনার পাশাপাশি নারী জীবনের দুর্বিষহ অবস্থা বর্ণনা করা হয়েছে।
- সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা- প্রত্যুগমন।
- যা কষ্টে নিবারন করা যায়- দুর্নিবার।
- নির্বাপিত করা যায়না এমন- অনির্বান।

- চন্ডী মঙ্গল কাব্যের ধনপতি সওদাগার ছিল- উজানী নগরের।
- পুঁথি সাহিত্য বলতে বুঝায়- ইসলামী চেতনা সম্পৃক্ত।
- কোহিনূর পত্রিকারু সম্পাদক মুহাম্মদ রওশন আলী।
- নাটক হচ্ছে- দৃশ্যকাব্য। নদের চাঁদ মহুয়া গীতিকার নায়ক।
- চক্ষু দ্বারা গৃহীত- চাক্ষুষ। অক্ষির সমক্ষে বর্তমান- প্রত্যক্ষ।
- মৃগয়া অর্থ- হরিন শিকার/ বন্য পশু পাখি শিকার।
- শওকত ওসমানের প্রকৃত নাম- শেখ আজিজুর রহমান।
- বাংলা ভাষায় প্রথম আর্থ-সামাজিক-রাজনৈতিক বিষয়ে নাটক লেখেন- দীনবন্দু মিত্র, নীলদর্পন।
- বাক্য সংকোচন হলো- একটিমাত্র শব্দে ভাবকে প্রকাশ করা।
- শামসুর সহমানের আত্মজীবনী হল-স্মৃতির শহর, কালের ধূলোয় লেখে।
- জলাংগী শওকত ওসমানের মুক্তিযুদ্ধ বিষয়ক উপন্যাস।
- হুতুম প্যাঁচার নকশার লেখক- কালী প্রসন্ন সিংহ।
- বারমাস্যা হচ্ছে- নায়িকার বারমসের সুখ-দুঃখের বর্ণনা।
- গড্ডালিকা প্রবাহ- অন্যের অনুকরণ।
- আগড়ম বাগড়ম বাগধারার অর্থ- অর্থহীন কথা।
- বাংলা একাডেমী থেকে প্রকাশিত পত্রিকা মোট- ৬টি।
- অরন্যক উপন্যাসের রচয়িতা- বিভূতিভূষন বন্দ্যোপাধ্যয়।
- Blank Verse-অমিতাক্ষর, পয়ার হচ্ছে চতুর্দশাক্ষর ছন্দবিশেষ। অনুপ্রাস মানে একই ধ্বনি বা বর্ণের পুনঃপুন প্রয়োগ।
- মাছের মা বাগধারাটির অর্থ- নিষ্ঠুর।
- উত্তম পুরুষ- নিজে, মুই,মোর, আমি, আমরা।
- মধ্যম পুরুষ- তুমি, তুই,আপনি,তোমরা।
- প্রথম পুরুষ/নাম পুরুষ- সে, তিনি, তারা, উনি,ওরা।
- হাতটান- চুরির অভ্যাস। নাটের গুরু- খলনায়াক। ভিজে বিড়াল- কপট।
- যে শব্দ দ্বারা স্ত্রী-পুরুষ কোনটাই বুঝায় না সেটি ক্লীবলিঙ্গ। যথা- ফুল, গাছ, বই, ফল, ঘর, দালান।
- ইসমামের ইতিহাস ও ঐতিহ্য সাতসাগরের মাঝি কাব্যের উপজীব্য বিষয়।
- দুঃখ বর্ণনাকারী কবি মুকুন্দরাম চকরবর্তীর উপাধি- কবি কঙ্গন।
- বাংলা সাহিত্যের সর্বাধিক সমৃদ্ধধারা হচ্ছে- গীতিকবিতা।
- অর্থবোধক ধ্বনিকে বলা হয়- শব্দ।
  কালকুট শব্দের অর্থ- তীব্রবিষ, গরল।
- পর্বতের মুষিক প্রসব- বিপুল উদ্যোগে তুচ্ছ অর্জন।

- সারদা মঙ্গল হল লৌকিক/ আধুনিক মঙ্গল কাব্য । এর কবিগন হল- দয়ারাম, বীরেশ্বর, রাজসিংহ।
- আনন্দের মৃত্যু উপন্যাসর রচয়িতা- সৈয়দ শামসুল হক।
- শাকে দিনু কানা সোঁআ পানি- কানাসোঁয়া অর্থ- কানায়কানায় পরিপূর্ণ।
- মাথা খাও অর্থ- মাথার দিব্যি।
- মুনীর চৌধুরির রুপার কৌটা নাটকটি জন গল্‌স ওয়ার্দীর The silver box নাটকের অনুবাদ। বর্ণচোরা অর্থ- কপটচারী।
- মানসিংহ ভবান্দ উপখ্যানের রচয়িতা- ভারতচন্দ্র রায় গুনাকর।
- রবীন্দ্রনাথ ঠাকুরের অমিতাক্ষওে লেখা নাটক- বিসর্জন, নায়িকা- অর্পনা।
- যে সকল গাছগাছড়া থেকে ঔষধ প্রস্তুত হয়- ঔষধি।
- যে গাছ একবার ফল দিয়ে মারা যায়- ওষধি।
- কখোনো উপন্যাস লিখেনি- সুধীন্দ্রনাধ দও।
- কুঝটিকা শব্দের অর্থ- খুব অনুগত ব্যক্তি।
- খাস তালুকের প্রজা- খুব অনুগত ব্যক্তি।
- হাত হদাই নাটকের রচয়িতা- সেলিম আল-দ্বীন।
- পদ্মানদীর মাঝি উপন্যাসটি ১৯৩৬ সালে পূর্বাশা পত্রিকায় পকাশিত হয়।
- যে সকল অত্যাচারই সহ্য করে- সর্বংসহা।
- যা সাধারনের মধ্যে দেখা যায় না- অসাধারন।
- যে ভবিষৎ নাভেবেই কাজ করে- অভিমৃষ্যকারী।
- নিকুঞ্জ- বাগান ।কপদর্কহীন- নিঃস্ব। সুপ্ত-নিদ্রিত।
- লোহিত-লাল রং। অন্দকার দেখা- হতবুদ্ধি।
- আকাশ ভেঙ্গেপড়া- হঠাৎবিপদ হওয়া।
- দুইটি বাক্যের মধ্যে অর্থের সম্বন্ধ থাকলে সেমিকোলন বসে।
- মাগো ওরা বলে কবিতাটি-আবু জাফর ওবায়দুল্লাহ।
- যার স্ত্রী মার গেছে- বিপত্নীক। যা+ইচ্ছ+তাই= যাচ্ছেতাই।
- ধাতু তিন প্রকার- মৌলিক, সাধিত ও যৌগিক।
- কপত শব্দের অর্থ- কবুতর, পায়রা। জানালা-ফারসি শব্দ।
- বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র- ১৬ খন্ড।
- আমি বীরাঙ্গনা বলছি- গবেষনা মূলক প্রবন্ধ- ড. নীলিমা ইব্রাহিম।
- যার বাসস্থান নাই- অনিকেতন।
- যে বাসস্থান খেকে উৎখাত হয়েছে- উদ্বাস্তু।
- যে (ভাই) পরে জন্ম গ্রহন করেছে- অনুজ ।

- বাংলা বর্ণমালয় পর্বের সংখ্যা- ৫। প্রাংশু- উন্নত,দীর্ঘকায়।
- ক্রিয়াপদের সাথে সম্পর্যুক্ত পদকে-কারক বলে।
- পাশাপাশি দুটো স্বরধ্বনি একক্ষর হিসাবে উচ্চারিত হলে তাকে যৌগিক স্বরধ্বনী বলে। বাজে কখা- রাবী ঠাকুরের প্রবন্ধ।
- যপিত জীবন- সেলিনা হোসেনের উপন্যাস।
- পথ জানা নাই- শামসুদ্দিন আবুল কালাম।
- ধর্মমঙ্গল কাব্যের রচয়িতা- ময়ূরভট্র। খেলারাম চক্রবর্তী, মানিকরাম, রুপরাম চক্রবর্তী, শ্যাম পন্ডিত, সীতারম দাস, ঘনরাম চক্রবর্তী।
- শরৎচন্দ্রের প্রথম সাহিত্যকর্ম - নন্দির গল্প,
- প্রথম উপন্যাস -বড়দিদি।
- বাংলা সাহিত্যের দুঃখবাদী কবি হল - যতীন্দ্রনাথ সেনগুপ্ত।
- চাষি ওরা নয়কো চাষা, নয়কো ছোটলোক, নজরুলের সাম্যবাদী কাব্যগ্রন্থের কুলি-মজুর কবিতার অংশবিশেষ্য।
- পরানের গহীন ভিতর কাব্যগ্রন্থ - সৈয়দ শামসুল হক।
- স্বভাবতই মূধন্য ষ হয় - আষাঢ়, ঊষা, আভাষ, অভিলাষ, ঔষধ, ঔষধি, পোষ, দ্বেষ, ভাষ্য।
- ধ্বনি বিপর্যয় উদাহরণ - পিচাশ, রিসকা, ফাল।
- কলে ছাটা, গায়ে পড়া, চোখের বালি - অলুক তৎপুরুষ।
- খাঁটি বাংলা শব্দে 'ন' ব্যবহার করা হয়না।
- যে জমিতে ফসল জন্মায় না -উষর
- যা পড়ে আছে - পতিত
- যা উর্বর নয় - অনুর্বর, যার সন্তান হয়না - বন্ধ্যা
- অপমান শব্দের অপ উপসর্গ বিপরীত অর্থে ব্যবহার হয়েছে।
- হুমায়ন আহমেদের প্রথম উপন্যাস- নন্দীত নরকে।
- সংহারক শব্দের অর্থ - বিনাশকারী।
- ওরে বাছা, এখানে এখানে বাসুর শব্দটি তদ্ভব শব্দ।
- পঞ্চমস্বর– কোকিলের সুরলহরী।
- কর্বুর শব্দের অর্থ- রাক্ষস।
- উচাটান - পাংশুবর্ণ - করবা।
- বাগধারা আলোচিত হয় - ব্যাক্যে তত্ত্বে।
- মহাপৃথিবী কাব্যগ্রন্থ- জীবনানন্দ দাসের।

- অর্ঘ্য শব্দের অর্থ পুজার উপকরণ।
- বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান- ড.মু. শহীদুল্লাহ
- নারী কবিতাটি নজরুলের সাম্যবাদী কাব্যগ্রন্থের অন্তর্গত।
- জাহকুল আবদ অর্থ গোলামের হাসি।
- প্রতীক ধর্মী মানে হচ্ছে-নির্দেশন জ্ঞাপক
- রাজলক্ষ্মী, অভয়া, কুশারী, অন্নদা দিদ - শ্রীকান্ত উপন্যাসের চরিত্র।
- রুপজালাল গ্রন্থ টি নবাব ফয়জুন্নেসা চৌধুরীর।
- He is a polyglot - তিনি একজন বহুভাষী।
- কবিতার কথা জীবনানন্দ দাশের একটি প্রবন্ধ।
- সূর্য তুমি সাথী , ওঙ্কার, গাভী বৃত্তান্ত, অর্ধেক নারী অর্ধেক ঈশ্বরী বিহঙ্গ পুরান ➡আহমদ ছফার উপন্যাস।
- সমাসবদ্ধ পদকে -সমস্ত পদ বলে।
- সমস্ত পদকে ভেঙে যে বাক্যাংশ করা হয় তার নাম-ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য
- মেঘনাধবদ কাব্যে রাবনপুত্র ইন্দ্রজিতকে অরিন্দম বলা হয়।
- অরিন্দম শব্দের অর্থ -শত্রু দমন করে যে বা শত্রু দমনকারী।
- বাংলা সাহিত্যের ইতিবৃত্ত-মুহাম্মদ আব্দুল হাই/সৈয়দ আলী আহসান।
- জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খন্ড বাক্যের পর -কমা বসে।
- একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখতে-সেমিকোলন বসে।
- কুঁড়ি শব্দটি এসেছে- কোরক থেকে।
- কান পাতলা বাগধারাটির অর্থ বিশ্বাসপ্রবণ।
- বাংলা ভাষায় ওষ্ঠ ব্যান্জন ধ্বনির সংখ্যা ৫টি-প,ফ,ব,ভ,ম।
- Archetype -আদিরূপ
- পানি,চানাচুর, ফুফা,মিঠাই,কাহিনী -হিন্দি শব্দ।
- অভয়া, ষোড়শী, সাবেত্রী ➡ শরৎচন্দ্রের সৃষ্টি চরিত্র।
- ক্ষুধিত পাষাণ ➡ কর্মধারায় সমাস। অর্ধচন্দ্র ➡ তৎপুরুষ সমাস।
- কোকিলকে অন্যপুষ্ট বলা হয়।
- বাঁধন হারা, মৃত্যুক্ষুধা ও কুহেলিকা কাজী নজরুলের উপন্যাস।
- ইন্দিরা গ্রন্থটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা।
- হুমায়ন কবির সম্পাদিত পত্রিকা ➡ চতুরঙ্গ।
- বাংলার ইতিহাস গ্রন্থটির রচয়িতা ➡ রমেশচন্দ্র মজুমদার।

- মনসামঙ্গল কাব্যের আদি কবি ➡ কানাহরি দত্ত।
- মধুসূদন দত্তের বাড়ি যশোর জেলার কেশবপুর উপজেলায়।
- পুথি সাহিত্যের প্রাচীনতম লেখক ➡ দৌলত কাজী।
- বুদ্ধদেব বসু তিরিশের দশকের কবি হিসাবে বিখ্যাত।
- সাধনা দ্বারা লব্ধ জ্ঞান· অভিজ্ঞ।
- সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা· প্রত্যুদ্গমন।
- বাঙালি ও বাংলা সাহিত্য· আহমদ শরিফ। বাঙালির নৃতাত্ত্বিক পরিচয়· অতুল সুবের। বৃহৎবঙ্গ· দীনেশচন্দ্র সেন।
- সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা· প্রত্যুদগমন।
- সম্মানের সাথে অভ্যর্থনা· সংবর্ধনা।
- যে বিষয়ে কোন বিতর্ক নাই· অবিসংবাদিত।
- ফোড়ন শব্দটি প্রত্যয় যোগে গঠিত হয়েছে।
- বাংলা ভাষায় ওষ্ঠ ব্যাঞ্জন্ধনি ৫ টি· প ফ ব ভ ম।
- Archytype – আদিরূপ।
- বাঙালির ইতিহাস· নীহাররঞ্জন রায়· বাঙালি ও বাংলা।
- বাংলা সাহিত্যের ইতিবৃত্ত মুহাম্মদ আব্দুল হাই।
- Twilight --গোধূলিবেলা।
- কুড়ি· শব্দটি দেশি শব্দ, আগত· কোরক শব্দ থেকে।
- চিকুর শব্দের অর্থ-চুল, কুন্তল, ক্লেশ।
- একাত্তরের ডায়েরী কবে কে লিখেন-সুফিয়া কামাল, ১৯৮৯ সালে।
- একাত্তরের দিনগুলি কে লিখেন-জাহানার ইমাম।
- বায়ান্নর দিনগুলি কে লিখেন-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- বৃটিশ শাসনামলে ঢাকায় পোস্টমাস্টার কে ছিলেন--দীনবন্ধু মিত্র।
- ১৯৪৭ সালে রচিত রানার কবিতাটি কার লেখা--সুকান্ত ভট্টাচার্য (ছাড়পত্র কাব্যগ্রন্থের)
- পদ্মার পলিদ্বীপ কার রচিত উপন্যাস--আবু ইসহাক (১৯৮৬)
- অরণ্যে রোদন' বাগধারাটির অর্থ ক--নিষ্ফল আবেদন বা বৃথা চেষ্টা।
- মুক্তক ছন্দের প্রবর্তক কে--রবীন্দ্রনাথ ঠাকুর।
- কাজী নজরুল রচিত গল্পগ্রন্থের নাম-ব্যথার দান (১৯২২), রিক্তের বেদন (১৯২৫), শিউলিমালা (১৯৩১)
- পদ্ম গোখরো কোন গ্রন্থের অন্তর্ভুক্ত--শিউলিমালা।

- সন্দেশ, প্রবীণ, তৈল, হস্তী, বাঁশি শব্দগুলো- রূঢ়ি শব্দ।
- সনাতন শব্দের অর্থ--চিরন্তন।
- শত্রুকে দমন করে যে—অরিন্দম
- শত্রুকে পীড়া দেয় যে—অরিন্দ্র
- এখন পর্যন্ত শত্রু জন্মায়নি যার—অজাতশত্র
- পাওয়ার ইচ্ছা—ঈপ্সা
- জয় করার ইচ্ছা--জিগীষা
- ভোজন করার ইচ্ছা--বুভুক্ষা
- পাওয়ার প্রবল ইচ্ছা--লিপ্সা
- যুগপৎ শব্দের অর্থ-সমকালীন, একই সময়ে, একই সঙ্গে।
- ঈশ্বরচন্দ্র গুপ্তের জীবনকাল-১৮১২ থেকে ১৮৫৯।
- নজরুলের নাটকের গ্রন্থ-ঝিলিমিলি (১৯৩০)
- শব্দ সঞ্চালনের জন্য দরকার-মাধ্যম
- রবীন্দ্রনাথ 'বসন্ত' নাটকটি নজরুলকে উৎসর্গ করে-১৯২৩ সালে।
- গোফ খেজুরে-মধ্যপদলোপী কর্মধারয় সমাস।
- ইনকিলাব শব্দের অর্থ- আন্দোলন, বিপ্লব।
- চাচা কাহিনী গ্রন্থটি-১৯৫২ সালের।
- ৫৮. সে নাকি আসবে না। এখানে 'না' অব্যয়টি ব্যবহৃত হয়েছে-সংশয় হিসেবে।
- ব্যয় করতে কুণ্ঠবোধ করেন যিনি--ব্যয়কুণ্ঠ
- যে হিসাব করে ব্যয় করে-মিতব্যয়ী
- যে আয় বুঝে ব্যয় করে-- হিসাবী
- যে ব্যয় না করে শুধু সঞ্চয় করে-- কৃপণ
- যে হিসাব করে ব্যয় করে না-- অমিতব্যয়ী
- পোস্টাল কোড নির্দেশ করে-প্রাপকের এলাকা।
- জন্ডিস ও বিবিধ বেলুন নাটকটি-সেলিম আল দ্বীনের।
- কর্মে ক্লান্তি নাই যার-অক্লান্তকর্মী।
- ক্লান্তিহীনভাবে চলে যা-অক্লান্ত, অবিশ্রাম।

- ফুলবর, কেলকেতু, ভাড়ুদত্ত,ধনপতি-চণ্ডীমঙ্গল কাব্যের চরিত্র।
- ঐ = অ/ও + ই, ঔ = অ/ও + উ
- নজরুলের ৭৮ টি কবিতা ও গানের সংকলন- সঞ্চিতা কাব্যগ্রন্থ (১৯২৮)
- সমরেশ বসুর ছদ্মনাম-কালকূট।
- কানপাতলা – বাগধারাটির অর্থ 'অবিশ্বাসপ্রবণ'।
- অরিন্দম রাবনের পুত্র ইন্দ্রজিৎ। অর্থ শত্রু দমনকারী।
- প্রশংসা দ্বারা আনন্দ প্রকাশ – অভিনন্দন।
- সম্মানের সাথে অভ্যর্থনা – সংবর্ধনা।
- যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে – অবিমৃষকারী।
- বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রথম গ্রন্থ ড. দীনেশ চন্দ্র সেনের বঙ্গভাষা ও সাহিত্য (১৮৯৬)
- পথ জানা নাই শামসুদ্দিন আবুল কালাম এর গ্রন্থ।
- বাংলা ভাষায় ঞ হরফটির উচ্চারণ দুই প্রকার
- বায়ান্ন গলির এক গলি উপন্যাসটি রাবেয়া খাতুন
- যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে অবিমৃষ্যকারী।
- যে সকল অত্যাচার সয়ে যায়- সর্বংসহা।
- ট বর্গীয় ধ্বনির আগে তৎসম শব্দ "ন" ব্যবহৃত হয়।
- বাহুতে ভর করে চলে যে - ভুজঙ্গ
- হুতোম প্যাচার নক্সা- রম্যরচনা
- ফুল, হাত, মুখ, গোলাপ, ভাই, বোন, মাছ মৌলিক শব্দ।
- ভারতী পত্রিকায় সম্পাদক স্বর্ণকুমারী দেবী। রবিঠাকুরের ভাগ্নি।
- বিচিত্র চিন্তা, সাহিত্য সংস্কৃত চিন্তা, স্বদেশ অন্বেষণ জীবন সমাজে সাহিত্য, বাঙালি ও বাংলা সাহিত্য,প্রত্যয় ও প্রত্যাশা, বাঙালা বাঙালি ও বাগলিত্ব, সংস্কৃতি
- ড. আহমদ শরিফের প্রবন্ধ গ্রন্থ।
- আনন্দ, বেদনার কাব্য হুমায়ুন আহমাদ রচিত উপন্যাস।
- সোনাদিয়া দ্বীপ সামুদ্রিক মাছ শিকারের জন্য বিখ্যাত
- বাংলাদেশের সব থেকে বড় বিদ্যুৎ কেন্দ্র ভেড়ামারা (কুষ্টিয়া)
- তালিবাদ ভু- উপগ্রহ কেন্দ্র গাজীপুরে (বেতবুনিয়া)
- বংলাদেশের কেন্দ্রীয় গো প্রজনন কেন্দ্র - সাভার
- ছাগলের প্রজনন খামার - সিলেট
- হরিণ প্রজনন খামার ডুলহাজরা (কক্সবাজার)

- মক্ষি প্রজনন খামার - বাগেরহাট
- বাংলাদেশের জাতীয় নাট্যশালা সেগুনাবাগিচায় শিল্পকলা একাডেমি।
- ভোমরা স্থলবন্দর সাতক্ষীরা জেলায়। বুড়িমারি লালমনির হাট
- বিলোনিয়া স্থলবন্দর ফেনী জেলায়
- কুল কাঠের আগুন : তীব্র জ্বালা।
- পূর্বপদে উপসর্গ বসে যে সমাস হয় : প্রাদি সমাস।
- বর্ণালীর প্রান্তীয় বর্ণ : বেগুনী ও লাল।
- ন্যায়দন্ড উপন্যাস : জরাসন্ধ।
- মায়াবী প্রহর নাটক এর রচয়িতা : আলাউদ্দিন আল আজাদ।
- বিচ্ছিন্ন প্রতিলিপি কাব্যগ্রন্থটির রচয়িতা : মাযহারুল ইসলাম।
- আমার প্রেম, আমার প্রতিনিধি কাব্যগ্রন্থের রচয়িতা : আবুল হাসান।
- ওরে বিহঙ্গ নাটকটির রচয়িতা : জোবায়দা খানম।
- বৈতালিক উপন্যাসটির রচয়িতা: নারায়ণ গঙ্গোপাধ্যায়।
- বিশেষণের সাথে বিশেষ্যের যে সমাস হয় : কর্মধারয় সমাস।
- ছোটদের অভিনয় নাটকটির রচয়িতা : আল কালাম আবদুল ওহাব।
- জুলেখার মন মোহাম্মদ মাহফুজ উল্লাহ।
- 'কিরন' শব্দের অর্থ : অংশ।
- যা দীপ্তি পাচ্ছে : দেদীপ্যমান।
- মাছের মা অর্থ : নির্মম।
- অয়োময় নাটকের রচয়িতা: হুমায়ূন আহমেদ।
- যা অধ্যয়ন করা হয়েছে : অধীত।
- পূর্বপদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় : তৎপুরুষ সমাস।
- 'সীমানা ছাড়িয়ে' উপন্যাসটি রচনা করেন : সৈয়দ শামসুল হক।
- পল্লীকবি জসিমউদ্দিন এর একমাত্র উপন্যাস : বোবা কাহিনী।
- বিপ্রদাস পিপলাই রচিত কাব্যের নাম- মনসা বিজয়।
- জয়চন্দ্র চন্দ্রাবতী পালাটি- নয়ানচাঁদ ঘোক্ষের রচনা।
- যাপিত জীবন উপন্যাসের রচয়িতা- শেলিনা হোসেন।
- কিওনখোলা, কেরামত, মঙ্গল- সেলিম আল-দ্বীনের নাটক।
- অত্মজা ও একটি কবরী গাছ- হাসান আজিজুল হক।
- পথ জানা নাই-শামসুদ্দিন আবুল কালামের গল্প।

- দিবারাত্রীর কাব্য-উপন্যাসটি মানিক বন্ধ্যোপাধ্যায়ের।
- পুতুল নাচের ইতিকথা- মানিক বন্ধ্যোপাধ্যায়।
- বর্নচোরা বাগধারার অর্থ-কপটচারী।
- জয় বাংলা , জয় বাংলা- গাজী মাজহারুল ইসলাম গিতিকার
- বাসস্থান থেকে উৎখাত হয়েছে- উদ্ধাস্তু
- বাংলা বর্নমালায় পর্বের সংখ্যা-৫
- ক্রিয়াপদের সাথে সম্পর্কযুক্ত পদকে কারক বলে।
- ফেরারী ডাইরি মুক্তিযুদ্ধের পেক্ষাপটে লেখা।
- সূর্যদীঘর বাড়ি উপন্যাসের মূল চরিত্র-জয়গুন।
- যার বাসস্থান নাই-অনিকেত
- স্মৃতিস্তম্ভ কবিতাটি আলাউদ্দিন আল আজাদের মানচিত্র কাব্য।
- কবর কবিতায় দাদু শাপলার হাটে তরমুজ বিক্রি কওে দুই পয়সার পুঁতির মালা ক্রয় করতো।
- লাল+নীল= ম্যাজেন্ডা, নীল+সবুজ+লাল=সাদা
- সবুজ+লাল=হলুদ, লাল+অকাশী/নীল=বেগুনী।
- শাহানামা বাংলায় অনবাদ করেন-মনির উদ্দিন ইউসুফ।
- অমর কোষ অভিধান গ্রন্থ। অমর কোষের প্রকৃত নাম-নামলিসুনন
- শেষের কবিতা-সুকুমার সেনের নাম পাওয়া যায়।
- আল্লাহ হাফেজ শব্দের অর্থ- আল্লাহ আপনাকে রক্ষা করুক।
- জসীমউদ্দিনের কাব্য নয়-মানির মায়া।
- বাউল গানের বিশেক্ষশ্ব-আধ্যাত্ম্য বিক্ষয়ক।
- বৈকুন্ঠের উইল- উপন্যাস শরৎ চট্টপাধ্যায়।
- বৈকুন্ঠের খাতা- রবীন্দ্রনাথ ঠাকুরের প্রহসন।
- সুরেশ মহিম অচলা শরৎচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র- গৃহদাহ
- জয়গুন চরিত্রটি কোন উপন্যাসের চরিত্র- সূর্যদীঘল বাড়ি।
- কাষ্ট হাসি মানে শুকনো হাসি।
- যে ব্যক্তি পূর্বজন্মের কথা স্মরণ করতে পারে- জাতিস্মর
- ভলগা থেকে গঙ্গা একটি ভ্রমন কাহিনী- রাহুল সাংস্কৃত্যিায়ন।
- যা চেটে খেতে হয়- লেহ্য
- মৃতের মতো অবস্থা যার- মুমূর্ষু
- আমড়া কাঠের ঢেঁকি- অপদার্থ
- তুলসী বনের বাঘ- ভন্ড সাধু, ইতর বিশেষ্য ভেদাভেদ
- কুলটা পুরুষবাচক শব্দ যার কোন স্ত্রীবাচক শব্দ নেই।

- যুগস্রষ্টা নজরুল-গ্রন্থটি খান মুহাম্মদ মইনউদ্দিনের ১৯৫৭
- আত্মজীবনীমূলক প্রেমের ইতিহাস ’ন স্যত মৈত্রেয়ী দেবী’।
- রাবেয়া খাতুন বাংলা একাডেমির পুরস্কার পান-১৯৭৩ সাল।
- বাঙালি মুসলমানদের মন- আহমদ তফা।
- প্রাংশু শব্দের অর্থ- দীর্ঘকার, উন্নত, উঁচু।
- মাত্রাবৃত্ত ছন্দ হলো ধ্বনি প্রধান, ধ্বনি মাত্রিক, দুর্বল ভঙ্গির ছন্দ
- স্বরবৃত্ত ছন্দ হলো শ্বাসাঘাত প্রধান, ছড়ার চন্দ্র।
- আর অক্ষরবৃত্তছন্দ হলো তান প্রধান, অক্ষরমাত্রিক, সাধারণ ভঙ্গির ছন্দ
- বর্ণমালার ১ম ও ৩য় ধ্বনি হলো অল্পপ্রান।
- বর্ণমালার ২য় ও ৪র্থ ধ্বনি হলো মহাপ্রান।
- ১ম ও ২য় ধ্বনি হলো অঘোষ ধ্বনি।
- ৩য় ও ৪র্থ ধ্বনি হলো অঘোষ ধ্বনি।
- বিভিষনের স্ত্রীর নাম হলো খরলা।
- যুগলাঙ্গলীয় গ্রন্থেও রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
- তিথিডোর বুদ্ধদেব বসুর রচিত উপন্যাস-১৯৪৯।
- বুলবুল চৌধুরী বিখ্যাত কেন- নৃত্য শিল্পীর জন্য।
- ভাই, পুত্র, শিক্ষক, অভাগা, সুকেশ, দেবর, বন্ধু, দাদা, স্বামী প্রভৃতি শব্দের দুটি স্ত্রীবাচক শব্দ আছে।
- কবিরাজ, রাষ্ট্রপতি, পুরোহিত, যোদ্ধা, বিচারপতি, কৃতদার প্রভৃতি শব্দের স্ত্রীবাচক শব্দ নেই।
- ঈশ্বরচন্দ্র ১৯৩৯ সালে সংস্কৃত কলেজ থেকে 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন।
- যৌগিক স্বরধ্বনি হল : ঔ, ঐ।
- 'বন্ধুর' বিশেষণ পদ, এর অর্থ : অসমতল, উঁচু-নিচু।
